

ব্যাংককে ভারত ও পাকিস্তানের জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের বৈঠকের যৌথ প্রেস বিবৃতি

ভারত ও পাকিস্তানের প্রধানমন্ত্রীদ্বয়ের প্যারিস বৈঠকের ফলশ্রুতিতে উভয় দেশের জাতীয় নিরাপত্তা উপদেষ্টারা নিজ নিজ পররাষ্ট্রসচিবদের উপস্থিতিতে আজ ব্যাংককে মিলিত হন।

খোলামেলা,সৌহার্দ্যপূর্ণ ও গঠনমূলক পবিবেশের মধ্যে বৈঠকটি অনুষ্ঠিত হয়।

শান্তিপূর্ণ,স্থায়ী ও সমৃদ্ধশালী দক্ষিণ এশিয়া গঠনের বিষয়ে উভয় দেশের প্রধানমন্ত্রীদ্বয়ের দুরদৃষ্টি সম্পন্ন দৃষ্টিভঙ্গীর ভিত্তিতেই আলোচনাটি সম্পন্ন হয়।

আলোচনার বিষয়বস্তুর মধ্যে শান্তি ও নিরাপত্তা,সন্ত্রাসবাদ,জম্মু ও কাশ্মীর,নিয়ন্ত্রণরেখায় শান্তি বজায় রাখা সহ অন্যান্য বিষয় অন্তর্ভুক্ত ছিল।

এই গঠনমূলক সংযোগকে এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে ঐক্যমত হয়।

ব্যাংকক

৬ ডিসেম্বর ২০১৫